



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ রোড, (পাছপথ) ঢাকা-১২০৫

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২২.১৯-৩৬

তারিখঃ ১৭/১১/১৪২৭ বঙ্গাব্দঃ
০২/০৩/২০২১ খ্রিঃ


“দ গু রা দে শ”

নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এর স্মারক নং-পি-এফ-৪/২০১৬/১৭৭৯ তারিখঃ ০৫/০৯/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে তার দপ্তরে কর্মরত জনাব মোঃ মনির হোসেন, হিসাব করণিক এর বিরুদ্ধে পরিচালক, কর্মচারী পরিপ্তর বাপাউবো, ঢাকা বরাবরে শৃংখলা ভঙ্গের লিখিত অভিযোগ উপস্থাপন পূর্বক তাকে অন্যত্র বদলীর সুপারিশের প্রেক্ষিতে পরিচালক, কর্মচারী পরিপ্তর, বাপাউবো, ঢাকা এর অঃদাঃনং-১৪৯৫ তারিখঃ ০৯/১০/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে উক্ত বিষয়ে তদন্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র দপ্তরকে অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-১২৯-পাউবো/শৃ/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ০৭/১১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। ইহার বরাতে বিষয়টি তদন্ত করে তদন্ত কর্মকর্তা তার স্মারক নং-৪২-পাউবো(কপ)/বি-৪/শা-২/লুজ/২০২০ তারিখঃ ০৭/০৬/২০২০ এর মাধ্যমে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে, জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালক, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা মোসাঃ খায়রুল্লাহর শমী কার্যসহকারীকে বিভিন্নভাবে প্রলোভন দেখানোসহ ডেপুটি স্পিকার এবং জাতীয় সংসদের হুইপের ভয় দেখিয়ে শমীকে বিভিন্নভাবে হয়রানি করা, হিসাব করণিক মোঃ মনির হোসেনের বিরুদ্ধে নির্বাহী প্রকৌশলীর নিকট মিথ্যা অভিযোগ দেয়ার জন্য মোসাঃ খায়রুল্লাহর শমী কার্যসহকারীকে চাপ সৃষ্টি সহ শমীর প্রতি কুরুচীপূর্ণ আচরণ ও বিভিন্ন প্রলোভন প্রদর্শন এবং মোসাঃ খায়রুল্লাহর শমী, কার্যসহকারী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা কর্তৃক জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালকের প্ররোচনায় জনাব মোঃ মনির হোসেন, হিসাব করণিকের বিরুদ্ধে নির্বাহী প্রকৌশলীর নিকট মিথ্যা অভিযোগ করার অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালক, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এবং মোসাঃ খায়রুল্লাহর শমী, কার্যসহকারী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা দায়ী হওয়ায় তাদের বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-১৩ এর প্রবিধান-৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ অত্র দপ্তরের স্মারক নং- ৫৮ -পাউবো/শৃ/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ এবং স্মারক নং-৫৭-পাউবো/শৃ/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা প্রেরণ করা হয় সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রবিধান ৫২ (২) (গ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং- ৮৪-পাউবো/শৃ/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ৩১/০৮/২০২০ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন প্রদত্ত মতামত ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে দেখা যায়, জনাব খায়রুল্লাহর শমী, কার্যসহকারী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধায় কর্মরত জনাব মোঃ গুলজার হোসেন, গাড়ীচালক এর প্ররোচনা ও চাপের মুখে মিথ্যা বলতে বাধ্য হলেও তিনি নির্বাহী প্রকৌশলীর নিকট জনাব মোঃ মনির হোসেন, হিসাব করণিকের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করায় তাকে কঠোরভাবে সতর্ক করতঃ তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব খায়রুল্লাহর শমী, কার্যসহকারী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধাকে ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করতঃ আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।


(আব্দুল খালেক)

পরিচালক

পরিচিতি নম্বর-৬৩০১২০০০১


অঃ পঃ দ্রঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২২.১৯-৩৬(১০)

তারিখঃ ১৭/১১/১৪২৭ বঙ্গাব্দঃ
০২/০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১/২, বাপাউবো, রংপুর।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮. জনাব খায়রুল্লাহর শমী, কার্যসহকারী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।


০২/০৩/২০২১
(ফজলুল করিম)
উপপরিচালক

পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২৩০০৭৯

